



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

০৬ ফাল্গুন ১৪৩০

তারিখ: \_\_\_\_\_

১৯ ফেব্রুয়ারি ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

## সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দেশের সর্বস্তরের জনগণকে বিশেষ করে বয়স্ক জনগোষ্ঠীকে টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা বলয়ের আওতাভুক্ত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৩১ জানুয়ারি ২০২৩ তারিখে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ এবং ১৩ আগস্ট ২০২৩ তারিখে সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা, ২০২৩ প্রণয়ন করেছে।

২। সর্বজনীন পেনশন স্কিমে বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী বা উক্ত প্রতিষ্ঠানের মালিক, অনানুষ্ঠানিক খাতে কর্মরত বা স্বকর্মে নিয়োজিত ব্যক্তিগণ, দারিদ্র্য সীমার নিম্নে বসবাসকারী স্বল্প আয়ের ব্যক্তিগণ এবং বিদেশে কর্মরত বা অবস্থানকারী যে কোন বাংলাদেশী নাগরিকের অংশগ্রহণের সুযোগ রয়েছে।

৩। এক্ষণে, দেশের সর্বস্তরের জনগণকে একটি টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা বলয়ে অন্তর্ভুক্তির উদ্দেশ্য পূরণকল্পে ফাইন্যান্স কোম্পানিসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।